

উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন

“ক্ষুদে বার্তার মাধ্যমে মৎস্যচাষীদের পরামর্শ সেবা প্রদান”

উপজেলা মৎস্য দপ্তর, বাসাইল, টাঙ্গাইল এর এনএটিপি-২ এবং ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নে বিভিন্ন ধরনের উন্নত প্রযুক্তি ইতোমধ্যে ছড়িয়ে দেওয়া হয়েছে। চাষীদের পুকুর সমূহ নিয়মিত পরিদর্শন করে পরামর্শ সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তথাপি প্রদর্শনী পুকুর মালিক/চাষি অনেক ক্ষেত্রেই পুকুরের সাধারণ সমস্যায় করণীয় ঠিক করতে ব্যর্থ হন। এমতাবস্থায় উপজেলা মৎস্য অফিস, বাসাইল কর্তৃক ক্ষুদে বার্তা প্রেরণ করার মাধ্যমে চাষীদের সাধারণ সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

প্রাথমিক অবস্থায় শুধুমাত্র উন্নত প্রযুক্তি বাস্তবায়নকারী প্রদর্শনী চাষীদের মোবাইল ফোনে ক্ষুদে বার্তা প্রেরণ করা হচ্ছে। অতঃপর ধীরে ধীরে উক্ত উদ্যোগ/কার্যক্রমের পরিধি বাড়ানো হবে।

চাষীদের মোবাইল ফোনে প্রেরণকৃত ক্ষুদে বার্তা

1:28


4G 4G 72%

← 01721351486, 01738476...

Yesterday 3:16 PM SIM2

সাধারণত শীতকালে পানির তাপমাত্রা কমে যায়। ফলে পানির পিএইচ কমে থাকে। এ সময় মাছের বিভিন্ন রোগ ও খাদ্য গ্রহণে অসুবিধা দেখা দেয়। শীতকালে মাছের দেহের ওজনের ১% হারে খাদ্য প্রয়োগ করতে হবে এবং রোগ প্রতিরোধের জন্য প্রতি শতাংশে 250 গ্রাম চুন ও 250 গ্রাম লবণ প্রয়োগ করতে হবে।

উপজেলা মৎস্য অফিস
বাসাইল, টাঙ্গাইল।


20/12/2020

সৌরভ কুমার দে
উপজেলা মৎস্য কর্মকর্তা
বাসাইল, টাঙ্গাইল